# 2020

## PHILOSOPHY — HONOURS

### Paper : CC-11

### Full Marks : 65

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও ঃ (প্রত্যেক প্রশ্নের সঙ্গে প্রদত্ত বিকল্প উত্তরগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও) ১×১০

(ক) ন্যায় মতে জ্ঞানের আশ্রয় হল

(অ) মন (আ) ইন্দ্রিয়

(ই) আত্মা (ঈ) শরীর।

(খ) অন্নমভট্টের মতে আত্মা প্রত্যক্ষে প্রয়োজনীয় সন্নিকর্ষটি হল

(অ) সংযুক্ত সমবায় (আ) সংযোগ

(ই) সংযুক্ত সমবেত সমবায় (ঈ) সমবায়।

(গ) ন্যায় মতে যথার্থ অনুভব কত প্রকার?

(অ) দু প্রকার (আ) ছয় প্রকার

(ই) চার প্রকার (ঈ) তিন প্রকার।

(ঘ) ভট্ট মতে যোগ্যানুপলব্ধি প্রমাণের দ্বারা আমরা কোন পদার্থকে জানি?

(অ) সামান্য (আ) বিশেষ

(ই) সমবায় (ঈ) অভাব।

(ঙ) ন্যায় মতে অভাবাত্মক কার্যের একমাত্র কারণ হল

(অ) সমবায়ী (আ) অসমবায়ী

(ই) নিমিত্ত (ঈ) কোনোটিই নয়।

(চ) বস্ত্রের উৎপত্তিতে তন্তুরূপ

(অ) সমবায়ী কারণ (আ) অসমবায়ী কারণ

(ই) নিমিত্ত কারণ (ঈ) কোনোটিই নয়।

(ছ) ভূতলে ঘটাভাব প্রত্যক্ষের সন্নিকর্ষটি হল

(অ) সংযুক্ত বিশেষ্যতা (আ) সংযুক্ত সমবায়

(ই) সংযুক্ত বিশেষণতা (ঈ) কোনোটিই নয়।

(জ) তর্কসংগ্রহে কত প্রকার অপ্রমা স্বীকার করা হয়েছে?

(অ) তিন প্রকার (আ) চার প্রকার

(ই) দু প্রকার (ঈ) পাঁচ প্রকার।

(ঝ) শব্দের সমবায়ীকারণ হল

(অ) আকাশ (আ) দিক

(ই) কাল (ঈ) আত্মা।

(ঞ) নির্বিকল্পক প্রত্যক্ষকে যার মাধ্যমে জানা যায়?

(অ) অনুব্যবসায় (আ) অনুমান

(ই) অর্থাপত্তি (ঈ) উপমান।

(ট) মৃত্তিকা নির্মিত ঘটের সমবায়ীকারণ হল

(অ) মৃত্তিকা (আ) কপাল কপালিকা

(ই) কপাল কপালিকা সংযোগ (ঈ) কুম্ভকার।

(ঠ) শব্দ প্রত্যক্ষে সন্নিকর্ষটি হল

(অ) সংযোগ (আ) সংযুক্ত সমবায়

(ই) সমবায় (ঈ) কোনোটিই নয়।

২। নিম্নলিখিত ***যে-কোনো পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৫

(ক) যথার্থ স্মৃতি কি প্রমা? আলোচনা করো।

(খ) তর্কসংগ্রহে প্রদত্ত তর্কের লক্ষণটির ব্যাখ্যা দাও।

(গ) তৃতীয় প্রকার 'অন্যথাসিদ্ধ' উদাহরণ সহকারে ব্যাখ্যা করো।

(ঘ) তর্কসংগ্রহে প্রদত্ত বুদ্ধির লক্ষণ ব্যাখ্যা করো।

(ঙ) দূরস্থ শব্দের প্রত্যক্ষ হয় কীভাবে?

(চ) তর্কসংগ্রহে প্রদত্ত কারণের লক্ষণটির ব্যাখ্যা করো।

(ছ) স্মৃতির লক্ষণে 'মাত্র' পদ কেন প্রযুক্ত হয়েছে?

(জ) তর্কসংগ্রহে বলা হয়েছে

(অ) "ইন্দ্রিয়ার্থ-সন্নিকর্ষ-জন্যং জ্ঞানং প্রত্যক্ষম্"

(আ) "তস্মাৎ ইন্দ্রিয়ং প্রত্যক্ষ প্রমাণম্"

এই দুই স্থলে অন্নম্ভট্ট 'করণ' পদটি একই অর্থে ব্যবহার করেছেন কি না আলোচনা করো।

৩। নিম্নলিখিত ***যে-কোনো দুটি*** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) (অ) তর্কসংগ্রহে প্রদত্ত অপ্রমার লক্ষণটি ব্যাখ্যা করো।

(আ) লক্ষণটির বিরুদ্ধে দীপিকাতে কীরূপ দোষের আশঙ্কা করা হয়েছে?

(ই) অন্নম্ভট্ট কীভাবে এই আপত্তি খণ্ডন করেছেন?

(ঈ) সংশয়কে কেন অপ্রমা বলে স্বীকার করা হয়? ৪+৪+৪+৩

(খ) (অ) অন্নম্ভট্ট প্রদত্ত কার্যের লক্ষণটি উল্লেখপূর্ব্বক ব্যাখ্যা করো।

(আ) ভাবাত্মক কার্যের কত প্রকার কারণ থাকে? উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো।

(ই) নীচে যে কারণগুলির দৃষ্টান্ত দেওয়া হয়েছে তাদের কোনটি কী প্রকারের কারণ তা উল্লেখ করো ঃ

(১) আমটি তার স্বগত স্বাদের কারণ

(২) তন্তুর নীল রং তার দ্বারা উৎপন্ন বস্ত্রের নীল রং-এর কারণ

(৩) চক্ষু ইন্দ্রিয় ঘট প্রত্যক্ষের কারণ। (১+৩)+৮+৩

(গ) (অ) বিকল্প কাকে বলে?

(আ) অন্নম্ভট্টকে অনুসরণ করে নির্বিকল্পক ও সবিকল্পক প্রত্যক্ষের পার্থক্য বিশ্লেষণ করো।

(ই) নির্বিকল্পক প্রত্যক্ষের অস্তিত্ব প্রমাণের জন্য অন্নম্ভট্টের যুক্তি উল্লেখ করো।

(ঈ) ঘটের সঙ্গে ইন্দ্রিয় সন্নিকর্ষের পরক্ষণেই যে 'ঘটত্বের' প্রত্যক্ষ হয় তাকে কোন প্রকারের প্রত্যক্ষ বলবে? ২+৬+৬+১

(ঘ) (অ) তর্কসংগ্রহে প্রদত্ত বিভিন্ন প্রকার লৌকিক সন্নিকর্ষগুলি উদাহরণ সহকারে আলোচনা করো।

(আ) নিম্নলিখিত প্রত্যক্ষগুলির প্রতিটি ক্ষেত্রে সন্নিকর্ষ নির্ধারণ করো।

(১) আত্মায় সুখের মানস প্রত্যক্ষ

(২) মোটর হর্নের শব্দের শ্রোত্র প্রত্যক্ষ

(৩) ঘটাভাববিশিষ্ট ভূতলের প্রত্যক্ষ। ১২+৩

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

1. Answer ***any ten*** questions : 1×10

(Choose the correct answer from the given alternatives in each question)

(a) The locus of cognition according to the *Nyāya* school is

(i) Mind (ii) Sense organ

(iii) Self (iv) Body.

(b) The *Sannikarṣa* which is necessary for the perception of the self according to *Annaṁbhaṭṭa* is

(i) *Saṁyuktā Samavāya* (ii) *Saṁyoga*

(iii) *Saṁyukta Samaveta-Samavāya* (iv) *Samavāya.*

(c) How many *Yathārtha anubhavas* are there according to the *Nyāya* system?

(i) Two types (ii) Six types

(iii) Four types (iv) Three types.

(d) What *padārtha* do we know by *yogyānupalabdhi pramāṇa* according to *Bhaṭṭas*?

(i) *Samānya* (ii) *Viśeṣa*

(iii) *Samavāya* (iv) *Abhāva*.

(e) The only possible *kāraṇa* of Abhāva, a negative effect is

(i) *Samavāyi* (ii) *Asamavāyi*

(iii) *Nimitta* (iv) None of these.

(f) In respect of the production of cloth the colour of thread is

(i) *Samavāyi-Kāraṇa* (ii) *Asamavāyi-Kāraṇa*

(iii) *Nimitta Kāraṇa* (iv) None of these.

(g) The operative *Sannikarṣa* for the perception of the absence of jar on the floor is

(i) *Saṁjukta Viśeṣyatā* (ii) *Saṁjukta Samavāya*

(iii) *Saṁjukta Viśeṣaṇatā* (iv) None of these.

(h) How many *apramā* are recognised in *Tarkasaṁgraha*?

(i) Three types (ii) Four types

(iii) Two types (iv) Five types.

(i) The *Samavāyikāraṇa* of sound is

(i) *Akāśa* (ii) *Dik*

(iii) *Kāla* (iv) *Ātmā.*

(j) The medium by which *Nirvikalpaka pratyakṣa* can be known is

(i) *Anuvyavasāya* (ii) *Anumāna*

(iii) *Arthāpatti* (iv) *Upamāna.*

(k) The *Samavāyikāraṇa* of a jar made by clay is

(i) Clay (ii) *Kapālkapālikā*

(iii) *Kapālkapālikā Saṁyoga* (iv) The potter.

(l) The operative *Sannikarṣa* in the perception of sound is

(i) *Saṁyoga* (ii) *Saṁyukta Samavāya*

(iii) *Samavāya* (iv) None of these.

**2.** Answer ***any five*** questions of the following : 5×5

(a) Is *yathārtha smriti* pramā? Discuss.

(b) Explain the definition of *Tarka* as given in *Tarkasaṁgraha.*

(c) Explain with example the third kind of *anyathāsiddha.*

(d) Explain the definition of *Buddhi* as given in *Tarkasaṁgraha*.

(e) How do we perceive distant sound ?

(f) Explain the definition of *Kāraṇa* as given in *Tarkasaṁgraha*.

(g) Why the term *mātra* is inserted in the definition of *Smriti*.

(h) It is stated in *Tarkasaṁgraha*–

(i) *"indriyārtha sannikarṣa janyaṁ Jñānaṁ pratyakṣam".*

(ii) *"tasmāt indriyaṁ pratyakṣa pramāṇaṁ."*

Discuss whether *Annaṁbhaṭṭa* has used the term *Karaṇa* in the same sense in these two cases.

**3.** Answer ***any two*** questions of the following :

(a) (i) Explain the definition of *apramā* as given in *Tarkasaṁgraha.*

(ii) What is the objection raised against this definition in *Dīpikā*?

(iii) How does *Annaṁbhaṭṭa* refute this objection?

(iv) Why is *Saṃśaya* treated as *apramā*? 4+4+4+3

(b) (i) State and explain the definition of *Kārya* given by *Annaṁbhaṭṭa.*

(ii) What are the types of *Kāraṇa* that are necessary for producing a positive effect? Discuss with suitable examples.

(iii) Point out what type of *Kāraṇa* is exemplified in each of the following cases :

(1) The mango in respect of its own taste.

(2) The blue colour of threads in respect of the blue colour of the cloth produced by its threads.

(3) Visual sense-organ in respect of the perception of pot. (1+3)+8+3

(c) (i) What is *Vikalpa*?

(ii) Explain after *Annaṁbhaṭṭa* the distinction between *nirvikalpaka* and *Savikalpaka pratyakṣa*.

(iii) What argument does *Annaṁbhaṭṭa* put forward to establish the reality of *nirvikalpaka pratyakṣa*?

(iv) How would you classify the cognition of '*Ghatatva*' that arises immediately after the sense-object contact? 2+6+6+1

(d) (i) Discuss with examples the different kinds of *laukika Sannikarṣa* given in *Tarkasaṁgraha*.

(ii) Determine the *sannikarṣa* in each of the following cases of perception :

(1) Mental perception of the pleasure of the soul.

(2) Auditory perception of the motor horn.

(3) The perception of the floor which is characterised by the absence of a pot. 12+3